দৈনিক
ইত্তেফাক

তারিখ ..31 OCT 2016.....
পৃষ্ঠা ..৫..... কলাম ....২....

# আইইউবিএটিতে মেধাবী শিক্ষার্থীদের সম্মাননা প্রদান

যোগ্যতাসম্পন্ন প্রত্যেক ব্যক্তির জন্য উচ্চ শিক্ষার নিশ্চয়তা-প্রয়োজনে মেধাবী তবে অস্বচ্ছলদের জন্য অর্থায়ন-এই প্রত্যয় নিয়ে বছর ব্যাপী রজতজয়ন্তী পালন করছে ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি অফ বিজনেস এগ্রিকালচার এন্ড টেকনোলজি (আইইউবিএটি)। এ উপলক্ষে গত বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের অডিটরিয়ামে মেধাবী শিক্ষার্থীদের সম্মাননা হিসেবে বৃত্তি ও সনদ প্রদান অনুষ্ঠানের আয়োজন করা হয়। পর পর তিন সেমিস্টারে ৪.০০ সিজিপিএ পেয়ে ৩৩৪ শিক্ষার্থী এই সম্মাননা অর্জন করেছেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সাবেক স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী ও সংসদ সদস্য এ্যাডভোকেট শামসুল হক টুকু, বিশেষ অতিথি ছিলেন সাবেক সচিব ড. মোহাম্মদ মুজিবুর রহমান। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর মাহমুদা খানম অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। -প্রেস বিজ্ঞপ্তি